উত্তরবঙ্গের আত্মার আত্মীয়


# উত্তরবঙ্গ সংবাদ

৪ পৌষ ১৪৩১ শুক্রবার ৪.০০ টাকা 20 December 2024 Friday 16 Pages Rs. 4.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 45 Issue No. 211 JAL



টি২০-তে রিচার দ্রুততম অর্ধশতরান

পনেরোর পাতায়



পাকিস্তানের হাতে হাত ইউনূসের

তেরোর পাতায়

উত্তরের খোঁজে

## দুই বাংলার দুই আন্দোলন যখন আলো থেকে আঁধারে

রূপায়ণ ভট্টাচার্য



বিদ্বেষের বাংলাদেশের কাগজে ক'দিন আগে দেখলাম শিরোনাম-- ভারত তুমি রিয়ালিটি মাইন্যে নাও।

আরেকটা শিরোনাম-- ভারতের কথা ও আচরণে মিল থাকতে হবে।

রিয়ালিটি মাইন্যে নাও মানে কী? আসলে বাস্তব মেনে নিতে বলা। কথা ও আচরণের ব্যাপারটা? আসলে কথায় ও কাজে মিল নেই।

ঢাকা বলতেই পারে, ভারতের অন্দরে সংখ্যালঘুদের উপর কি অত্যাচার হচ্ছে না? উত্তরপ্রদেশ, মুম্বই, হরিয়ানা, নয়াদিল্লি থেকে মুসলমানদের হেনস্তার কত খবর আসে! যোগী জমানায় তো বহু শহরের নাম বদলাল মুসলিম স্পর্শ থাকায়। কে দিব্যি দিল অন্য দেশ নিয়ে ভাবতে?

ভারতের অনেকে বোঝাতে চাইছেন, ৫৪ বছর আগে বাংলাদেশের যুদ্ধে আমরা কত সাহায্য করেছিলাম। ওপার বাংলা কি সব ভুলে গেল? ভারতে আর যাই হোক, সংখ্যালঘুদের প্রাণভয়ে কাঁটাতার পেরিয়ে, নদী সাঁতরে অন্য দেশে পালাতে হয় না এখনও। বিশৃঙ্খলার বাংলাদেশে যা নিয়মিত ছবি আজ।

পরিবর্তিত সমাজে হয়তো প্রসঙ্গটা অর্থহীন।

এখন অত বছর আগের উপকার মনে রাখার দিন শেষ। এখন প্রচুর ছেলেমেয়ে বাড়ি থেকে

এরপর দশের পাতায়



জখম বিজেপি সাংসদ প্রতাপচন্দ্র সারেঙ্গির পাশে রাহুল। নয়াদিল্লিতে।

## গণতন্ত্রের মন্দিরে ধস্তাধস্তি

**নয়াদিল্লি, ১৯ ডিসেম্বর :** সংসদে ধাক্কাধাক্কি। যাতে মাথা ফাটে এক সাংসদের। অভিযোগ ওঠে, রাহুল গান্ধির ধাক্কায় পড়ে গিয়েছেন তিনি। বিরোধী দলনেতার বিড়ম্বনা বাড়ে বিজেপির এক মহিলা সাংসদের অভিযোগে। বলা হয়, রাহুলের উপস্থিতির কারণে 'অস্বস্তি' বোধ করেছেন ওই মহিলা। পালটা কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গেকে ধাক্কা দেওয়ার অভিযোগ ওঠে বিজেপির বিরুদ্ধে। তামাম বিশ্ব দেখল গণতন্ত্রের মন্দিরের সেই 'অবাক চিত্র।'

দীর্ঘদিনের সাংসদ সৌগত রায়ের ভাষায়, 'এরকম ঘটনা আমার এত বছরের রাজনৈতিক জীবনে দেখিনি।' আম্বেদকর সম্পর্কে মন্তব্যকে কেন্দ্র করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা'র ক্ষমাপ্রার্থনা ও পদত্যাগের দাবিতে বুধবার থেকে একজোট ছিল বিরোধীরা। বিজেপি সাংসদরা বৃহস্পতিবার পালটা কংগ্রেসের বিরুদ্ধেই আম্বেদকরকে অসম্মান করার অভিযোগে প্রতিবাদ শুরু করার পর ধুন্ধুমার বাধে।

'ইন্ডিয়া' জোটের শরিকরা তখন আম্বেদকরের ছবি হাতে জয় ভীম স্লোগান দিতে দিতে সংসদের বাইরে মকরদ্বারের দিকে এগোচ্ছিলেন। সেসময়ই শুরু হয় দু'পক্ষের বচসা। তারপর ধাক্কাধাক্কি, ধস্তাধস্তি। তাতে সিঁড়ি দিয়ে পড়ে গিয়ে বিজেপি সাংসদ প্রতাপ সারেঙ্গির মাথায় চোট লাগে। বিজেপি অভিযোগ করে, রাহুলের ধাক্কায় পড়ে গিয়েছেন সারেঙ্গি। তাঁকে দেখতে রাহুল এগিয়ে গেলে সেসময় বিজেপির নিশিকান্ত দুবে চিৎকার করে ওঠেন, 'আপনি গুন্ডার মতো আচরণ করছেন।'

রাহুল বলার চেষ্টা করেন,

### অভব্য আচরণে বিদ্ধ রাহুল

'সারেঙ্গিই আমাকে ধাক্কা মেরেছেন।' রাহুলের বিড়ম্বনা এখানেই শেষ নয়। নাগাল্যান্ডের বিজেপি সাংসদ ফ্যাঙ্গনন কন্যাক অভিযোগ করেন, 'রাহুল গান্ধি আমার খুব কাছে দাঁড়িয়ে যাওয়ায় আমার ভীষণ অস্বস্তি হচ্ছিল। তারপরও উনি আমার দিকে তাকিয়ে চিৎকার করতে থাকেন।' তিনি রাজ্যসভার চেয়ারম্যানকে সেই অভিযোগ জানান।

কংগ্রেসের পক্ষ থেকে পালটা লোকসভার অধ্যক্ষের কাছে নালিশ জানানো হয় যে,

এরপর দশের পাতায়

## ২৫ হাজার চাকরি নিয়ে ফের সংশয়

**নয়াদিল্লি, ১৯ ডিসেম্বর :** হাইকোর্টের পথেই কি সুপ্রিম কোর্ট? স্কুল সার্ভিস কমিশনের (এসএসসি) নিয়োগ সংক্রান্ত দুর্নীতি মামলা নিয়ে বৃহস্পতিবার প্রধান বিচারপতির মন্তব্যে সেই জল্পনা উসকে উঠেছে। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না ও বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চের মতে, যোগ্য ও অযোগ্যদের চিহ্নিত করা না গেলে কলকাতা হাইকোর্টের নির্দেশ বহাল রাখা ছাড়া উপায় থাকবে না।

ফলে গত ২২ এপ্রিল হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ সব্বর রশিদির বেঞ্চের নির্দেশ অনুযায়ী ২০১৬ সালের পুরো প্যানেলের ২৫,৭৫৩ জন শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি খোওয়ানোর সম্ভাবনা নতুন করে তৈরি হল। ৭ জানুয়ারি পরবর্তী শুনানিতে বিষয়টি চূড়ান্ত হতে পারে। নিয়োগ খারিজে হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে মামলা করে রাজ্য।

শীর্ষ আদালতের আগের স্থগিতাদেশে এখনও ওই শিক্ষক ও শিক্ষাকর্মীরা চাকরিতে বহাল আছেন। কিন্তু প্রধান বিচারপতির বেঞ্চের এদিনের পর্যবেক্ষণে আর নিশ্চিন্ত থাকার জো নেই কারও। মধ্যশিক্ষা পর্ষদের আইনজীবী এমন দুর্নীতির অভিযোগ কমবেশি সব রাজ্যে আছে বলে মন্তব্য করলে প্রধান বিচারপতি বলেন, 'ডাল মে কালা হ্যায়, ইয়া সব কুছ হি কালা হ্যায়'।

নিয়োগে অনিয়ম প্রকাশ্যে আসার পরেও অযোগ্যদের চিহ্নিত না করে 'সুপারনিউমেরারি পোস্ট' (অতিরিক্ত পদ) তৈরি করায় প্রশ্ন তোলেন তিনি। এসএসসি পরীক্ষার্থীদের ওএমআর শিটের মিরর ইমেজ সংরক্ষণ না করাতেও তিনি ক্ষোভ প্রকাশ করেন।

এরপর দশের পাতায়

৪৫০ জনের বিরুদ্ধে মামলা দায়ের পুলিশের

# ময়নাগুড়ি কাণ্ডে ধৃত ১৯

অভিরূপ দে

**ময়নাগুড়ি, ১৯ ডিসেম্বর :** বুধবার ময়নাগুড়ি ভোটপট্টি এলাকায় জনতা-পুলিশ খণ্ডযুদ্ধের পর মোট ৪৫০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুলিশ। ওইদিনের ঘটনার পর বৃহস্পতিবারও এলাকা ছিল থমথমে। এদিন ময়নাগুড়ি থানার পুলিশ মোট ১৯ জন ধৃতকে জলপাইগুড়ি আদালতে পাঠায়। ভোটপট্টিতে এদিন জলপাইগুড়ির ডিএসপি ক্রাইম শান্তিনাথ পাঁজা ও ময়নাগুড়ি থানার আইসি সুবল ঘোষের নেতৃত্বে পুলিশ ও র‍্যাফের টহল চলেছে দিনভর। মোট তিন জায়গায় পুলিশ পিকেট বসানো হয়েছে। এদিকে শ্লীলতাহানির ঘটনায় নিগৃহীতা দুই নাবালিকার বাবা ময়নাগুড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। অভিযোগের ভিত্তিতে পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে।

জলপাইগুড়ির পুলিশ সুপার খান্ডবাহালে উমেশ গণপত বলেন, 'পুলিশের গাড়ির ওপর আক্রমণ, গাড়ি ভাঙচুরের অভিযোগে আমরা ৪৫০ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছি। ১৯ জনকে গ্রেপ্তার করে বাকিদের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। শ্লীলতাহানির ঘটনায় একজনকে গ্রেপ্তার করা হয়েছে।'

প্রথমে শ্লীলতাহানির অভিযোগ ও পরে গুজবকে কেন্দ্র করে বুধবার দিনভর এশিয়ান হাইওয়ে ময়নাগুড়িতে বিক্ষোভ চলে। বিক্ষোভ থেকে পুলিশের সঙ্গে জনতার খণ্ডযুদ্ধ বাধে। উত্তেজিত জনতা পুলিশকে মারধর করে বলে অভিযোগ। পুলিশকে মারধর, সরকারি কাজে বাধা, সরকারি সম্পত্তি নষ্ট, এশিয়ান হাইওয়ে অবরোধের অভিযোগে পুলিশ ৪৫০ জনের বিরুদ্ধে স্বতঃপ্রণোদিত মামলা শুরু করেছে।

এদিকে শ্লীলতাহানির ঘটনার অভিযোগের পরে পুলিশ রবিউল ইসলাম নামে এক তরুণকে গ্রেপ্তার করেছে। শ্লীলতাহানির ঘটনার পর সেখানে উত্তেজিত জনতা জমায়েত হলে রবিউল সেখানে আপত্তিকর মন্তব্য করে বলে অভিযোগ। এদিন রবিউলকে আদালতে পাঠানো হলে বিচারক তার দু'দিনের পুলিশ হেপাজতের নির্দেশ দিয়েছেন। যদিও শ্লীলতাহানির ঘটনায় মূল অভিযুক্তকে এখনও গ্রেপ্তার করা সম্ভব হয়নি। নিগৃহীতার বাবা বলেন, 'আমরা চাই পুলিশ তদন্ত করে মূল অভিযুক্তকে গ্রেপ্তার করুক।'

এদিন নতুন করে ভোটপট্টি এলাকায় কোনও গণ্ডগোলের ঘটনা ঘটেনি। পুলিশকে মারধর সহ গণ্ডগোলের মামলায় গ্রেপ্তার হওয়াদের মধ্যে ৭ জনকে পাঁচদিনের পুলিশ হেপাজত ও ১২ জনকে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছে আদালত। ঘটনার তদন্তে



ভোটপট্টি এলাকায় মোতায়েন পুলিশ ও র‍্যাফ। বৃহস্পতিবার।

পুলিশ বিশেষ দল গঠন করেছে। গণ্ডগোলের ঘটনায় জড়িতদের চিহ্নিত করতে বিভিন্ন ভিডিও ফুটেজ সংগ্রহ করছে পুলিশ। সেইসঙ্গে ঘটনার সময় অনেক আন্দোলনকারী সোশ্যাল মিডিয়াতে ফোটো ও ভিডিও আপলোড করেছিলেন। সেই ফোটো ও ভিডিওগুলিও পুলিশ সংগ্রহ করেছে। এছাড়াও ঘটনাস্থলের আশপাশে থাকা সিসি ক্যামেরার ফুটেজ দেখে পুলিশের ওপর আক্রমণকারীদের চিহ্নিত করার চেষ্টা চলছে।

এরপর দশের পাতায়

## প্রসেনজিতের খোঁজে নজর নেপালে

অভিষেক ঘোষ

**মালবাজার, ১৯ ডিসেম্বর :** মাল পুরসভার কর্মী প্রসেনজিৎ দত্তের গোটা পরিবার উধাও। তাঁর বাড়িতে তালা ঝুলছে। প্রতিবেশীরাও ওই পরিবারের বিরুদ্ধে মুখ খুলতে ভয় পাচ্ছেন। অনুপ্রবেশকারীদের প্রদান করা জাল পাসপোর্ট ইস্যুতে কড়া পদক্ষেপ করেছে মালবাজার পুরসভা। সংশ্লিষ্ট বিভাগের কর্মীর বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়েরের পরেই অভিযুক্ত প্রসেনজিৎ গা ঢাকা দিয়েছেন। অভিযুক্তকে পুরসভার তরফে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হলেও কোনও উত্তর দেননি তিনি। সেই সঙ্গে জন্মমৃত্যু নিবন্ধীকরণ বিভাগের দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয় অভিযুক্ত পুরকর্মীকে। মাল মহকুমা পুলিশ আধিকারিক রোশন প্রদীপ দেশমুখ বলেন, 'পুলিশ সম্পূর্ণ নিরপেক্ষতার সঙ্গে বিষয়টি তদন্ত করছে।'

এদিকে, পুরসভার ভাইস চেয়ারম্যান উৎপল ভাদুড়ি জানিয়েছেন, বৃহস্পতিবার দুপুরে স্পিড পোস্ট মারফত কিছু নথি প্রসেনজিৎ দত্ত পুরসভায় পাঠিয়েছেন, তবে সেটা তাঁরা এখনও যাচাই করে দেখেননি।

সম্প্রতি দিল্লি বিমানবন্দরে আফগান বাসিন্দাদের জাল পাসপোর্ট বাজেয়াপ্ত হয়। অভিবাসন দপ্তর থেকে সেই পাসপোর্টের বিষয়টি জানানো হয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে। সিবিআই তার তদন্ত প্রক্রিয়া শুরু করার পর জানতে পারে ১৫টি জন্মমৃত্যু শংসাপত্র প্রদান করেছে পশ্চিমবঙ্গের মালবাজার পুরসভা। সেই ভিত্তিতে ১৮ নভেম্বর সিবিআই পুরসভাকে নোটিশ দেয়। ১৫ জনের জন্মমৃত্যুর শংসাপত্রের যাবতীয় নথি চাওয়া হয় পুরসভার কাছে। সেই নোটিশের প্রাপ্তি নিয়ে সমস্যা তৈরি হওয়ায় গত ৫ ডিসেম্বর

এরপর দশের পাতায়





খাবারের খোঁজে... ফুলবাড়ি জটিয়াকালীতে শকুনের দল। ছবি : সূত্রধর

## জেলার খেলা

### আকাশের ৯৩

**গয়েরকাটা, ১৯ ডিসেম্বর :** ডুয়ার্স সার্ভিসেস ক্লাবের পরিচালনায় জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলার বিভিন্ন দপ্তরের কর্মচারীদের ক্রিকেট বৃহস্পতিবার শুরু হল। ধূপগুড়ি ৪পি এসটি ৫ উইকেটে ধূপগুড়ি ৩পি এসটি-র বিরুদ্ধে জয় পায়। ৩পি প্রথমে ১৬ ওভারে ৬ উইকেটে ১৭৯ রান তোলে। অতনু মাল ৫৪ রান করেন। জবাবে ৪পি ১৫.২ ওভারে ৫ উইকেটে ১৮০ রান তুলে নেয়। আকাশ মালপাহাড়িয়া ৯৩ রান করেন। উদ্বোধনী ম্যাচে পিএসটি ইউনাইটেড মাদারিহাট হারিয়েছে জিই নর্থ বিন্নাগুড়িকে। বিন্নাগুড়ি প্রথমে ১৬ ওভারে ৮ উইকেটে ১৫৮ রান করে। কৃষ্ণা যাদবের অবদান ১১৩ রান। জবাবে মাদারিহাট ১৫.৩ ওভারে ৮ উইকেটে ১৬০ রান তুলে নেয়। ৭৭ রান করেন প্রসেনজিৎ কুজুর।

### ফাইনাল কাল

**মেটেলি, ১৯ ডিসেম্বর :** মেটেলি প্রিমিয়ার লিগ ক্রিকেটে ফাইনালে উঠল সানরাইজার্স বানারহাট ও নাগরাকাটা রয়্যালস। শনিবার ফাইনাল। বৃহস্পতিবার মেটেলি উচ্চ বিদ্যালয় মাঠে রয়্যালস ৭ উইকেটে মালবাজার ইন্ডিয়ান্সকে হারিয়েছে। প্রথমে ইন্ডিয়ান্স ৯ উইকেটে ১১৪ রান তোলে। জবাবে রয়্যালস ৭.৪ ওভারে ৩ উইকেটে ১১৫ রান তুলে নেয়। এলিমিনেটরে সানরাইজার্স বানারহাট সুপার ওভারে ২২ রানে ইন্ডিয়ান্সের বিরুদ্ধে জয় পায়। ইন্ডিয়ান্স ৭ উইকেটে ১৪০ রান তোলে। জবাবে সানরাইজার্স ১৩.৪ ওভারে ১৪০ রানে থামে। সুপার ওভারে বানারহাট ৩৩ রান তোলে। জবাবে মালবাজার ১১ রানে আটকায়।

### কৃষ্ণার ৫৫

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর:** জেলা ক্রীড়া সংস্থার সুপার ডিভিশন ক্রিকেটে বৃহস্পতিবার চেতনা ক্লাব ১৯ রানে এফইউসি-কে হারিয়েছে। প্রথমে চেতনা ৯ উইকেটে ১৬৭ রান তোলে। কৃষ্ণা রাউত ৫৫ রান করেন। মন্টু মণ্ডল ২৮ রানে পেয়েছেন ৩ উইকেট। জবাবে এফইউসি ৭ উইকেটে ১৪৮ রানে আটকে যায়। উৎস প্রধান ৫৫ রান করেন। কৌশিক রায় ২৭ রানে পেয়েছেন ৩ উইকেট।

### সাদ্দামের দাপট

**ক্রান্তি, ১৯ ডিসেম্বর :** আনন্দ সংঘ ক্লাবের আনন্দ সংঘ প্রিমিয়ার লিগ ক্রিকেটে বৃহস্পতিবার রাকেশ একাদশ ৬ উইকেটে পিকে একাদশকে হারিয়েছে। প্রথমে পিকে ১২ ওভারে ১৮০ রান তোলে। মহম্মদ বাপ্পি ৫২ রান করেন। মহম্মদ সাদ্দাম ৩ উইকেট নেন। জবাবে রাকেশ ৪ উইকেটে ১৮১ রান তুলে নেয়। ম্যাচের সেরা সাদ্দাম ৪৫ রান করেন। মোস্তাকিন হক ৪৯ রানে নেন ২ উইকেট।

### আকাশের ৫৯

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** জেলা ক্রীড়া সংস্থার প্রথম ডিভিশন ক্রিকেটে বৃহস্পতিবার আসাম মোড় রিক্রিয়েশন ক্লাব ৫৬ রানে মিলন সংঘকে হারিয়েছে। প্রথমে আসাম মোড় ১২২ রান তোলে। আলমগুা আকাশ ৫৯ রান করেন। বায়রন রায় ১১ রানে পেয়েছেন ৪ উইকেট। জবাবে মিলন সংঘ ৬৬ রানে গুটিয়ে বিভাস রায় ১৪ রানে পেয়েছেন ৩ উইকেট।

### জ্যোতির জয়

**চালসা, ১৯ ডিসেম্বর :** জ্যোতি সংঘের ক্রিকেটে বৃহস্পতিবার আয়োজকরা ৪৮ রানে এনজিসি বড়দিঘিকে হারিয়েছে। জ্যোতি প্রথমে ১৬ ওভারে ৯ উইকেটে ১৪৪ রান তোলে। জবাবে বড়দিঘি ১৪.৩ ওভারে ৯৬ রানে গুটিয়ে যায়।

# খুনের দায়ে সশ্রম কারাদণ্ডের নির্দেশ

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** প্রতিবেশীর সম্পত্তি হাতানোর জন্য খুনের চেষ্টার দায়ে ১০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিল আদালত। বৃহস্পতিবার জলপাইগুড়ি অতিরিক্ত আদালতের তৃতীয় কোর্টের বিচারক বিপ্লব রায় এই সাজা ঘোষণা করেছেন। অভিযুক্তের নাম দীপক রায়। বাড়ি জলপাইগুড়ি শহর সংলগ্ন কোতোয়ালি থানার অন্তর্গত পোড়াপাড়া এলাকায়।

ঘটনার সূত্রপাত ২০২২ সালের ১৭ জুলাই। পেশায় সরকারি কর্মী বিষ্ণুপদ রায় অভিযুক্ত দীপকের বাড়ির পাশেই শ্বশুরবাড়িতে থাকেন। ঘটনার দিন সকালে বিষ্ণু বাজারে যাওয়ার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়। বাড়ির সামনে দীপক বিষ্ণুর ওপর ধারালো অস্ত্র দিয়ে আক্রমণ চালায়। ধারালো অস্ত্রের কোপে বিষ্ণুর নাক, মুখ এবং হাতে গভীর ক্ষত তৈরি হয়। রক্তাক্ত অবস্থায় রাস্তার ওপর লুটিয়ে পড়ে চিৎকার করতে থাকেন বিষ্ণু। পরিবারের সদস্য এবং প্রতিবেশীরা বিষ্ণুকে গুরুতর আহত অবস্থায় প্রথমে জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতাল এবং পরবর্তীতে উত্তরবঙ্গ মেডিকেল কলেজে নিয়ে যান। মুখে প্লাস্টিক সার্জারির জন্য পরবর্তীতে বিষ্ণুকে শিলিগুড়ির একটি নার্সিংহোমে ভর্তি করা হয়। অস্ত্রোপচারে বাদ দিতে হয় বিষ্ণুর বেশ কয়েকটি দাঁত। বিষ্ণুর শাশুড়ি বেণু রায়, দীপকের বিরুদ্ধে কোতোয়ালি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে ধারালো অস্ত্র সহ অভিযুক্ত দীপককে গ্রেপ্তার করে পুলিশ। এই মামলার তদন্তভার দেওয়া হয় তৎকালীন কোতোয়ালি থানার সাব-ইনস্পেকটর শিবু করকে। দক্ষতার সঙ্গে তদন্ত সম্পন্ন করে মামলার চার্জশিট জমা দেন শিবু কর। পুলিশের তদন্তে উঠে আসে বেণু রায়ের একমাত্র মেয়ের জামাই হলেন বিষ্ণু। অভিযুক্তরা দীর্ঘদিন ধরে চেষ্টা চালিয়ে আসছিল বেণু রায়ের জমিজায়গা দখল করার। দীপকের ধারণা ছিল বিষ্ণুকে মেরে ফেলতে পারলেই বেণু এবং তাঁর মেয়ের কাছ থেকে তাদের সম্পত্তি সহজেই হাতিয়ে নিতে পারবে। সেই ধারণা থেকেই দীপক পরিকল্পিতভাবে বিষ্ণুকে খুনের চেষ্টা করেছিল বলে তদন্তে উঠে আসে।

এই মামলার সরকারপক্ষের আইনজীবী সুব্রত কর্মকার বলেন, 'এই মামলায় তদন্তকারী অফিসার দক্ষতার সঙ্গে কাজ করেছেন। প্রত্যক্ষদর্শী, চিকিৎসক সহ মোট ১২ জনের সাক্ষ্যগ্রহণ হয়েছে। বিচারক অভিযুক্তকে ১০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছেন।' জলপাইগুড়ি জেলা পুলিশ সুপার খান্ডবাহালে উমেশ গণপত বলেন, 'চলতি বছরে এদিন পর্যন্ত জেলার ৪৮টি মামলার সাজা ঘোষণা হয়েছে। সাব-ইনস্পেকটর শিবু কর এই মামলার খুব ভালো তদন্ত করেছেন।'

# বাঁধ নির্মাণ নিয়ে বিডিওকে আর্জি

**মালবাজার, ১৯ ডিসেম্বর :** তিস্তাপাড়ে বাঁধনির্মাণের দাবি জানাতে বিডিওর সঙ্গে দেখা করল বাগ্রাকোটের একটি স্বেচ্ছাসেবী সংগঠন। মাল ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক রশ্মিদীপ্ত বিশ্বাস বাঁধনির্মাণের বিষয়ে আশ্বস্ত করলেন টটগাঁও সুন্দরী গোর্খা সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটির সদস্যদের। বিডিও অফিসের পাশাপাশি মালবাজার থানার আইসি সমীর তামাং-এর সঙ্গে দেখা করেন সংস্থার সদস্য ও গ্রামবাসীরা।

গত বছর থেকেই সংবাদের শিরোনামে টটগাঁও বস্তি। বাগ্রাকোট গ্রাম পঞ্চায়েতের এই এলাকাটি জলপাইগুড়ি জেলার শেষপ্রান্ত বলেও ধরা হয়। ২০২২-এ সিকিমে তিস্তা নদীতে বন্যায় ক্ষতিগ্রস্ত হয় টটগাঁও এলাকা। গ্রামটির অধিকাংশ তলিয়ে গেছে তিস্তায়। এখনও ঘরছাড়া অনেকেই। পাকাপোক্ত বাঁধনির্মাণ না হলে আগামী বর্ষায় গ্রামটির বাকি অংশ গ্রাস করবে তিস্তা। জেলার মানচিত্র থেকে গ্রামটি হারিয়ে যাওয়ার আশঙ্কা করছে স্থানীয় গ্রামবাসীরা। সে আশঙ্কার কারণে বিগত সময়ে একাধিকবার বিভিন্ন দপ্তরে বাঁধনির্মাণের জন্য লিখিত আবেদন করেছেন তাঁরা। বিভিন্ন দপ্তরে বিক্ষোভ প্রদর্শন করেছিলেন তাঁরা। তিস্তার বন্যা প্রতিরোধ করতে স্থানীয় বাসিন্দাদের এই দাবিকে সমর্থন করেছে একাধিক বিরোধীদল। বাসিন্দাদের বক্তব্য, ৮ কোটি টাকা ব্যয়ে বাঁধনির্মাণের আশ্বাস দিয়েছিল জেলা প্রশাসন, পরবর্তীতে সেই কাজ হয়নি। তবে মালের সমষ্টি উন্নয়ন আধিকারিক রশ্মিদীপ্ত বিশ্বাস বলেন, 'টটগাঁও নিয়ে ওঁদের সঙ্গে আলোচনা হয়েছে, প্রশাসনিকভাবে যতটা সহযোগিতা করার সেটা করা হবে।'

টটগাঁও সুন্দরী গোর্খা সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি বীরপ্রসাদ শর্মা বলেন, 'সরকার আমাদের গ্রামের দিকে নজর না দিলে আমরাই অনুদান সংগ্রহ করে বাঁধনির্মাণের চেষ্টা করব।' পঞ্চায়েত সদস্য অনুপ শর্মা জানান, বাঁধ ছাড়া তিস্তার ধ্বংসলীলা আটকানো সম্ভব নয়। কংগ্রেসের ব্লক সভাপতি সৈকত দাস বলেন, 'গত বছর বন্যার সময় টটগাঁওয়ের শোচনীয় অবস্থা সকলেই দেখেছে, তবে বাঁধনির্মাণ নিয়ে মাথাব্যথা নেই রাজ্য সরকারের।' অন্যদিকে, বিজেপির মাল বিধানসভার আহ্বায়ক রাকেশ নন্দী অভিযোগ করেন, রাজ্য সরকার মেলা খেলায় জনগণের করের টাকা খরচ করলেও প্রয়োজনীয় বাঁধনির্মাণ নিয়ে ভ্রূক্ষেপ নেই রাজ্যের। তবে এই বিষয়ে সেচ বিভাগের মহকুমা আধিকারিকের সঙ্গে ফোনে যোগাযোগের চেষ্টা করলেও তিনি ফোন তোলেননি।

# বাস্তুতন্ত্র মেনে সহাবস্থানের পরামর্শ পার্বতীর

রহিদুল ইসলাম




হস্তীবিশারদ পার্বতী বড়ুয়া।

**মেটেলি, ১৯ ডিসেম্বর :** মাঝেমধ্যেই জঙ্গল থেকে বেরিয়ে লোকালয়ে চলে আসছে হাতি। লোকালয়ে হাতির হানায় যেমন ক্ষতিগ্রস্ত হচ্ছে বাড়িঘর, কৃষিজমি তেমনি প্রাণহানিরও ঘটনা ঘটছে। বাড়ছে হাতি-মানুষ সংঘাত। হাতি-মানুষ সংঘাত রুখতে বিজ্ঞানভিত্তিক সহাবস্থানের কথা জানালেন বিশিষ্ট হস্তীবিশারদ পদ্মশ্রী পার্বতী বড়ুয়া। বুধবার সামসিং পোখড়ি মাঠে ন্যাফের বিশেষভাবে সক্ষমদের প্রকৃতি পাঠ শিবিরে অতিথি হিসেবে এসেছিলেন পার্বতী বড়ুয়া।

কীভাবে এই হাতি-মানুষ সংঘাত এড়ানো সম্ভব? এই প্রশ্নের জবাবে তিনি জানান, হাতি-মানুষ সংঘাত এড়াতে বিজ্ঞানভিত্তিক সহাবস্থান করতে হবে। বর্তমানে মানুষের সংখ্যা বেড়েছে, গড়ে উঠেছে নতুন নতুন জনপদ। বন্যপ্রাণীর করিডরে বসতি, চা বাগান, কংক্রিটের ইমারত গড়ে উঠেছে। যাতায়াতের পথে হাতিরা বাধাপ্রাপ্ত হচ্ছে। লোকালয়ে অবৈজ্ঞানিকভাবে হাতি তাড়ানো হচ্ছে। এতেই বাড়ছে সংঘাত। প্রয়োজনমতো হাতিরা তাদের পর্যাপ্ত পরিকাঠামো পাচ্ছে না। বনভূমির আয়তন সীমিত। এই পরিবেশে বিজ্ঞানভিত্তিক বাস্তুতন্ত্র অনুযায়ী সহাবস্থান গড়ে তোলা জরুরি। তিনি বলেন, হাতির মতো প্রাণীরা না বাঁচলে আমরা বাঁচব না। পাহাড়ের পরিবেশ একরকম আবার সমতলে আলাদা। নদীর কিনারার বাস্তুতন্ত্র ভিন্নধর্মী।

প্রতিটি এলাকায় পরিবেশ অনুযায়ী বিজ্ঞানভিত্তিক সহাবস্থান ব্যবস্থা গড়ে তোলা দরকার। একই প্রশ্ন শিবিরে উপস্থিত উত্তরবঙ্গের বন্যপ্রাণ বিভাগের মুখ্য বনপাল ভাস্কর জেভি-কে করা হলে তিনি বলেন, 'লোকালয়ে গিয়ে মানুষের অত্যধিক উৎসাহের জন্য যাতায়াতে বাধাপ্রাপ্ত পাচ্ছে হাতিরা। তাই হাতি-মানুষ সংঘাত বাড়ছে। শীতের মরশুমে বন্যপ্রাণীদের অধিক পরিমাণ খাদ্যের প্রয়োজন। তাই তারা লোকালয়ে চলে যাচ্ছে। লোকালয়ে হাতি সহ অন্য বন্যপ্রাণীরা গেলে অতি উৎসাহিত না হয়ে তাদের জঙ্গলে ফিরিয়ে যাওয়ার রাস্তা করে দেওয়া উচিত। এতেই সংঘাত কমবে। এ বিষয়ে জনগণকে আরও বেশি সচেতন হতে হবে।



নদীর জলে গা ডুবিয়ে দাঁড়িয়ে অসুস্থ হাতি। - সংবাদচিত্র

# হাতির চিকিৎসা না হওয়ায় ক্ষোভ

শুভদীপ শর্মা

**ক্রান্তি, ১৯ ডিসেম্বর :** কখনও নদীর জলে গা ডুবিয়ে ঠায় দাঁড়িয়ে, কখনও নদীর পাশেই ভেজা গা শুকিয়ে নিচ্ছে। আশপাশে গ্রামবাসীরা চলে এলেও তাঁদের দিকে তেড়ে পর্যন্ত যাচ্ছে না। গত প্রায় মাসখানেক ধরে আহত অবস্থায় হাতিটি বৈকুণ্ঠপুর বন বিভাগের কাঠামবাড়ির জঙ্গলে রইলেও বন দপ্তরের তরফে তার চিকিৎসার কোনও ব্যবস্থা না নেওয়ায় মৃত্যুমুখে ঢলে পড়ছে হাতিটি বলে অভিযোগ পরিবেশপ্রেমীদের। যদিও হাতিটির চিকিৎসা চলছে এবং সেটি আগের তুলনায় অনেকটি সুস্থ বলে দাবি বন দপ্তরের।

জানা গিয়েছে, গত মাসের ২৩ নভেম্বর ক্রান্তি ব্লকের কাঠামবাড়ি জঙ্গল লাগোয়া আপালচাঁদ এলাকার আপালচাঁদ নদীতে একটি হাতিকে দীর্ঘক্ষণ বসে থাকতে দেখেন স্থানীয় গ্রামবাসীরা। খবর পেয়ে বন দপ্তর ঘটনাস্থলে আসে। বন দপ্তরের পর্যবেক্ষণে জানা যায় প্রতিটি শরীরে একাধিক আঘাত রয়েছে। বন দপ্তরে প্রাথমিক অনুমান অন্য হাতির সঙ্গে লড়াইয়ে গুরুতর আহত হয়েছে এই মাকনা হাতিটি। তারপর পশুচিকিৎসক এনে সেদিন হাতিটির চিকিৎসাও করা হয়। তবে তারপর আর হাতিটির সেভাবে চিকিৎসা না করায় হাতিটি দিনকে দিন বেশি অসুস্থ হয়ে পড়ছে বলে অভিযোগ। বৃহস্পতিবার দুপুর থেকেও হাতিটিকে কখনও গা ডুবিয়ে আপালচাঁদ নদীতে দেখা গেছে। আবার কখনও হাতিটি নদীর পাশেই দাঁড়িয়ে ছিল ঠায়। স্থানীয়দের অভিযোগ, হাতিটি এতটাই দুর্বল যে হাতিটির সামনে গেলে কারও দিকে তেড়ে আসছে না পর্যন্ত হাতিটি।

ওদলাবাড়ি নেচার অ্যান্ড অ্যাডভেঞ্চার সোসাইটির কোঅর্ডিনেটর নফসর আলির অভিযোগ, 'বন দপ্তরের উদাসীনতায় হাতিটির চিকিৎসা না হয় মৃত্যুমুখে ঢলে পড়ছে হাতিটি। হাতিটির শরীরে একাধিক ক্ষত রয়েছে। বিনা চিকিৎসায় সেগুলো আরও ক্ষতিকর হয়ে উঠবে। অবিলম্বে বন দপ্তরের এই হাতিটির চিকিৎসার বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।'

একই অভিযোগ লাটাগুড়ি গ্রিন লেভেল ওয়েলফেয়ার সোসাইটির সম্পাদক অনির্বাণ মজুমদারের কথায়, 'কেন বন দপ্তর হাতিটিকে সুস্থ করে তোলার উদ্যোগ নিচ্ছে না তা বোঝা যাচ্ছে না।' যদিও বৈকুণ্ঠপুর বন বিভাগের ডিএফও রাজা এম জানান, হাতিটি পর্যবেক্ষণে রয়েছে। হাতিটিকে খাবারের মধ্যে ওষুধ মিশিয়ে খাওয়ানো হচ্ছে। হাতিটি চিকিৎসায় সাড়াও দিচ্ছে বলে জানান তিনি।

## ড্রপআউট ঠেকাতে সভা

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** রাজ্যের নির্দেশে স্কুলে পড়ুয়াদের ড্রপআউট ঠেকাতে মরিয়া প্রশাসন। এজন্য বিডিও মিহির কর্মকারকে দেখা গিয়েছে বিভিন্ন সময় স্কুলে ছুটে যাওয়া থেকে শুরু করে অভিভাবকদের সঙ্গে কথা বলতে। নতুন শিক্ষাবর্ষের আগে সদর পঞ্চায়েত সমিতির সভাপতি বিভিন্ন বিদ্যালয়ের পরিচালন কমিটির সঙ্গে এবিষয়ে আলোচনা করবেন বলে জানিয়েছিলেন। সেই মোতাবেক বৃহস্পতিবার বিডিও অফিসে সদর ব্লকের ৩০টি হাইস্কুলের পরিচালন সমিতির সভাপতি ও সদস্যদের নিয়ে এই বিষয়ে আলোচনা করলেন সদর পঞ্চায়েত সমিতির সভাপতি বিনয় রায়।

সেখানে ড্রপআউট বাচ্চাদের স্কুলমুখী করতে জনপ্রতিনিধিদের পড়ুয়াদের বাড়ি যেতে নির্দেশ দেন তিনি। প্রয়োজনে অভিভাবকদের নিয়ে আলোচনা সভার আয়োজন করতে হবে। বিনয় বলেন, 'ড্রপআউটের কারণে রাজ্য সরকারের অনেক সুযোগসুবিধা থেকে বঞ্চিত থাকছে পড়ুয়ারা। পোর্টালে তথ্য নথিভুক্ত করার সময় ছাত্রছাত্রীদের না পেয়ে সেই ফর্ম ফিলআপ করতে পারছেন না শিক্ষক-শিক্ষিকারা। তাই নতুন শিক্ষাবর্ষ থেকে যাতে এই সমস্যা না হয় সেজন্য এই আলোচনা করা হয়েছে।'

## স্বাস্থ্য শিবির

**বানারহাট, ১৯ ডিসেম্বর :** বিন্নাগুড়ি সেনাছাউনির হাসপাতালের সহায়তায় বানারহাটের মোগলকাটা চা বাগানের একটি প্রাথমিক স্কুলে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। বৃহস্পতিবার সকালে সেনা হাসপাতালের ডাক্তারদের উপস্থিতিতে মোট ৬৪ জন পড়ুয়ার স্বাস্থ্য পরীক্ষা হয় বলে জানা গিয়েছে।

## সেজেছে শহর

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** সিপিএমের জলপাইগুড়ি জেলা সম্মেলনকে সামনে রেখে শহরকে লাল পতাকায় সাজিয়ে তোলা হয়েছে। টেম্পল স্ট্রিটে রাজীব গান্ধির মূর্তির চারিদিকে লাল পতাকা। সিপিএমের জেলা সম্মেলন ২১ এবং ২২ ডিসেম্বর জলপাইগুড়ি রবীন্দ্র ভবনে হবে।

# কাগজে খাবার নয়, বোঝানো হল প্রশিক্ষণে

অনসূয়া চৌধুরী

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যবিধি সম্পর্কে বোঝাতে রাস্তায় খাবার বিক্রেতা এবং ছোট ব্যবসায়ীদের নিয়ে অনুষ্ঠিত হল ফুড সেফটি ট্রেনিং অ্যান্ড সার্টিফিকেশন প্রোগ্রাম (এফওএসটিএসি)। বৃহস্পতিবার রাজ্য সরকারের অধীনে জলপাইগুড়ি জেলা ফুড সেফটি দপ্তরের তরফে জেলা হাসপাতালের কনফারেন্স হলে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। পুরসভা এলাকার প্রায় ২৫ জন ভেন্ডার এই ট্রেনিং প্রোগ্রামে অংশ নিয়েছিলেন। খবরের কাগজে মুড়ে ঝালমুড়ি বা তেলেভাজা বিক্রি, খাবারে একই তেলের বারবার ব্যবহার ইত্যাদি যে শরীরের পক্ষে ক্ষতিকর তা বোঝাতেই এই উদ্যোগ নেওয়া হয়েছিল। আলোচনা শেষে তাঁদের সার্টিফিকেটও প্রদান করা হবে। পাশাপাশি দপ্তরের ফুড সেফটি অন হুইল কীভাবে খাবারের গুণগত মান যাচাই করতে পারে তাও দেখানো হয়।

রাজ্য সরকারের তরফে এই ফুড সেফটি ট্রেনিং এবং সার্টিফিকেশন প্রোগ্রাম জেলার প্রতিটি ব্লকে অনুষ্ঠিত হবে। এদিনের অনুষ্ঠানে জেলা ফুড সেফটি ইনস্পেকটর রাজেন রাই বলেন, 'পুরসভার অন্তর্গত রাজবাড়িপাড়া, ইন্দিরা কলোনি, হাসপাতালপাড়া সহ বেশ কিছু এলাকার ফুচকা, ধোসা, চাট, তেলেভাজা, পুরি-সবজি বিক্রেতাদের ডাকা হয়েছে। ওঁদের লাইসেন্স না থাকায় ট্রেনিংয়ের পাশাপাশি রেজিস্ট্রেশনের ব্যবস্থাও করা হল। আশা করছি এইভাবে ফুড সেফটি এবং পরিচ্ছন্নতার বিষয়টি প্রতিটি মানুষের কাছে পৌঁছে দিতে পারব।'

এদিনের ট্রেনিংয়ে দোকান ছাড়াও খাবার তৈরির জায়গাও পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে বলা হয় বিক্রেতাদের। খাবারের বাসন ভালো করে ধোয়া, সর্দিকাশি হলে বা শৌচালয় থেকে এলে ভালো করে সাবান দিয়ে হাত ধুয়ে খাবারে হাত দেওয়া, বারবার একই তেলে কোনও কিছু না ভাজা, একই চা পাতাকে একাধিকবার না ফোটানো সহ আরও বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। নিজের লাভ রাখতে গিয়ে গ্রাহকদের যাতে কোনও ক্ষতি না হয় সে বিষয়েও পরামর্শ দেওয়া হয় বিক্রেতাদের। অনুষ্ঠানে অংশ নেওয়া রাজবাড়ি পার্ক সংলগ্ন এলাকার এক ফুচকা বিক্রেতা শ্যাম মণ্ডল বলেন, 'এখানে অনেক কিছু জানতে পারলাম। চেষ্টা করব কাগজে করে খাবার না দিতে। তার সঙ্গে রেজিস্ট্রেশন হবে এবং সার্টিফিকেটও পাব জানতে পেরে বেশ ভালো লাগছে।'



ফুড সেফটি অন হুইল-এর সামনে বিক্রেতাদের বোঝাচ্ছেন আধিকারিকরা।



বড়দিনের প্রস্তুতি। খুদের হাতে ছোট সান্তা ক্লজ। ছবি : মানসী দেব সরকার

## পুলিশের কর্মশালা

**নাগরাকাটা, ১৯ ডিসেম্বর :** শিশু অধিকার নিয়ে নাগরাকাটায় বৃহস্পতিবার একটি কর্মশালা হয়। নাগরাকাটা থানার পুলিশকর্মীদের সঙ্গে স্বেচ্ছাসেবী সংগঠন চাইল্ড রাইটস অ্যান্ড ইউ (ক্রাই) ও ডুয়ার্স জাগরণ শিশু সুরক্ষা নিয়ে আলোচনা করে। শিশু সুরক্ষায় সরকারি নিয়ম ও আইনের নানা দিক নিয়ে আলোচনা হয়। পাশাপাশি ড্রপ আউট, স্কুলে অনিয়মিত উপস্থিতি, শিশুশ্রম, নেশা, নাবালিকা গর্ভধারণ, মানব পাচারের মতো একাধিক সামাজিক সমস্যা রুখতে কি করণীয় তার ওপর বিশদে আলোচনা হয়।

সর্বত্র শিশু বান্ধব পরিবেশ গড়ে তুলতে সমাজের সর্বস্তরের মানুষের ভূমিকার কথাও আলোচনায় উঠে আসে। স্কুলে ভর্তিতে অভিভাবকদের থেকে অতিরিক্ত ফি আদায়, শিশু অধিকার রক্ষায় নানা প্রতিকূলতা মোকাবিলার বিষয়ে বিশদে আলোচনা হয়েছে।

এদিন এই আলোচনায় উপস্থিত ছিলেন জেলা শিশুকল্যাণ কমিটির চেয়ারপার্সন মান্না মুখোপাধ্যায়, ক্রাইয়ের তরফে ভিক্টর বসু, নাগরাকাটা থানার আইসি কৌশিক কর্মকার প্রমুখ। মহিলা পুলিশকর্মী ও সিভিক ভলান্টিয়াররা এই আলোচনায় অংশ নেন।

## নির্বাচন

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** জলপাইগুড়ি জেলা আদালতের বার অ্যাসোসিয়েশনের কমিটি গঠনের নির্বাচন বৃহস্পতিবার অনুষ্ঠিত হল। নির্বাচনকে কেন্দ্র করে এদিন আদালত চত্বরে ছিল উৎসবের পরিবেশ। নির্বিঘ্নে সম্পন্ন হল আইনজীবীদের ভোটদান প্রক্রিয়া। বার অ্যাসোসিয়েশনের সভাপতি, সম্পাদক সহ ২৩টি পদের জন্য নির্বাচন হয়। ২৩টি পদের জন্য ৪৫ জন প্রতিদ্বন্দ্বিতা করেন। এই নির্বাচনের রিটার্নিং অফিসার আইনজীবী সুদীপ্ত ভৌমিক বলেন, 'বার অ্যাসোসিয়েশনের ৬৮৭ জন সদস্যের মধ্যে ৬৪৩ জন ভোট দিয়েছেন। শুক্রবার নির্বাচনের ফল ঘোষণা হবে।'

## অস্বাভাবিক মৃত্যু

**ওদলাবাড়ি, ১৯ ডিসেম্বর :** এক তরুণের ঝুলন্ত দেহ উদ্ধার হল ওদলাবাড়ির দক্ষিণ বিধানপল্লিতে। পুলিশ সূত্রে খবর, মৃতের নাম অমিত ওরাওঁ (২৮)। বৃহস্পতিবার দুপুরে নিজের বাড়িতেই গলায় ফাঁস লাগানো অবস্থায় বিবাহিত ওই তরুণকে ঝুলে থাকতে দেখা যায়। পরে মাল থানার পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। এলাকার গ্রাম পঞ্চায়েত সদস্য সোনু লামা এবিষয়ে বলেন, 'খবর পেয়ে মৃত তরুণের বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে কিছু বিষয় জানতে পারি। পারিবারিক কিছু সমস্যার জেরে বেশ কিছুদিন ধরেই অমিত মানসিক অবসাদে ভুগছিলেন বলে জানা গিয়েছে।' তবে ঠিক কী কারণে এই অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটল তা খতিয়ে দেখা হচ্ছে বলে মাল থানা সূত্রে খবর

# ধনতলা হাটে পাইকারি বাজার ফেরানোর দাবি

কৌশিক দাস

**ক্রান্তি, ১৯ ডিসেম্বর :** পাইকারি হাট ব্যবসায়ীদের সঙ্গে হাট কমিটির গণ্ডগোলের জেরে ধনতলা হাটের পাইকারি সবজি বাজার মৌলানিতে স্থানান্তরিত হয়েছে। ফলে ধনতলা হাটের গুরুত্বই অনেকটা কমে গিয়েছে। আরেকদিকে মার খাচ্ছে ব্যবসা। শুধু তাই নয়, হাটের দিনগুলো ধনতলা সংলগ্ন স্থানীয় বিভিন্ন খাবারের দোকান ক্ষতির মুখে পড়ছে। সমস্যার সমাধান করে পুনরায় সবজি হাটটি আগের জায়গায় নিয়ে আসার দাবিতে সরব হয়েছেন এলাকাবাসী।

পাইকারি বাজার স্থানান্তরিত হওয়ায় ক্ষুব্ধ ক্রান্তি গ্রাম পঞ্চায়েতে উপপ্রধান আজিজার রহমান। তাঁর কথায়, 'সম্পূর্ণ অনৈতিকভাবে পাইকারি বাজার অন্যত্র চলে গেল। এতে স্থানীয় কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী থেকে শুরু করে ক্রেতা সকলের বিরাট ক্ষতির মুখোমুখি হতে হচ্ছে।' সমস্যা সমাধানে প্রশাসনের পক্ষ থেকে দফায় দফায় আলোচনা হলেও কোনও সুরাহা হয়নি বলে তাঁর অভিযোগ।

জলপাইগুড়ি জেলা পরিষদের সদস্য মহুয়া গোপের বক্তব্য, 'বিডিও, পঞ্চায়েত সমিতির সভাপতি সহ সকলকে বিষয়টি দেখতে বলা হয়েছে। পাইকারি বাজার যাতে পুনরায় ধনতলাতে ফিরে আসে সেই চেষ্টা চলছে।'

বিক্রেতাদের অভিযোগ, হাট কমিটি মোটেই সুবিধার নয়। তাঁদের আচরণও সংগত নয়। নাম প্রকাশে অনিচ্ছুক এক পাইকারি ব্যবসায়ী বলেন, 'দিনের পর দিন ধনতলা হাটের ইজারাদার আমাদের সঙ্গে অভব্য আচরণ করে গিয়েছেন। তাঁরা অতিরিক্ত টাকা আদায় করতেন। প্রশাসনের কাছে বিষয়টি নিয়ে আমরা দরবার করেও কোনও ফল পাইনি। বাধ্য হয়ে মৌলানিতে চলে যেতে হল।'

এদিকে, দুই পক্ষের দলাদলিতে ক্ষতিগ্রস্ত সংলগ্ন দোকান ব্যবসায়ীরা। চা বিক্রেতা বিজয় রায় বলেন, 'ভোর ৪টা থেকে পাইকারি বাজার বসে যেত। সপ্তাহে এই দু'দিন দারুণ বেচাকেনা হত। এখন অর্ধেকের কম বিক্রিবাটা হচ্ছে।'

প্রতি সপ্তাহে বৃহস্পতিবার ও রবিবার ধনতলাতে সাপ্তাহিক হাট বসে। মাস দুয়েক আগে হাটের ইজারাদারের সঙ্গে পাইকারি সবজি বিক্রেতাদের ঝামেলার কারণে পাইকারি হাট মৌলানিতে জেলা পরিষদ পরিচালিত হাটে সোম ও শুক্রবার করে বসছে। এদিকে, পাইকারি বাজার না থাকায় সমস্যায় পড়ছেন এলাকার কৃষকরা। ফসল বিক্রি করতে না পেরে ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে তাঁদের। চৌরঙ্গি থেকে সবজি নিয়ে বিক্রি করছিলেন কৃষক সুদর্শন দাস। তাঁর কথায়, 'মৌলানিতে সবজি নিয়ে যাওয়ার পরিবহণ খরচ অনেক বেশি। সবজির দাম বেড়ে যাবে। তাই ফসল নিয়ে যেতে পারছি না।' ক্রান্তি পঞ্চায়েত সমিতির সভাপতি পঞ্চানন রায় বলেন, 'আমরা আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করছি। জেলা পরিষদকে জানানো হয়েছে।'



ধনতলা হাটের পুরোনো ঐতিহ্য ফেরানোর দাবি।


বাজার সরকার
বাজারের ওঠাপড়া গায়ে লাগবে না যদি আপনি বাজার সরকারের কথা শুনে চলেন
আপনি প্রশ্ন করুন আমাদের ফেসবুক পেজে। শেয়ার ও মিউচুয়াল ফান্ড সংক্রান্ত সব প্রশ্নের জবাব দেবেন
বিনিয়োগ বিশেষজ্ঞ বোধিসত্ত্ব খান
আজ সন্ধে ৬টা
উত্তরবঙ্গ সংবাদের স্টুডিও থেকে
f LIVE
www.facebook.com/uttarbangasambadofficial



স্টলে মানুষের ভিড়। বৃহস্পতিবার।

# ভাওয়াইয়া গানে জমজমাট বইমেলা

বাণীব্রত চক্রবর্তী

**ময়নাগুড়ি, ১৯ ডিসেম্বর :** বৃহস্পতিবার চতুর্থ দিনে জমে উঠেছে জলপাইগুড়ি জেলা বইমেলা। গত সোমবার থেকে ময়নাগুড়ি খেলার মাঠে শুরু হয় বইমেলা। কলকাতার বেশ কিছু প্রকাশনা সংস্থার এবার এই মেলায় স্টল রয়েছে। শুরুর দিকে মানুষের আনাগোনা সেভাবে না থাকলেও এখন মানুষের ভিড় বাড়ছে। এদিন প্রায় প্রতিটি স্টলে পাঠকদের আনাগোনা দেখা গিয়েছে। বই দেখার পাশাপাশি বই কিনেছেন অনেকেই।

এদিন দুপুরে বইমেলা মঞ্চে আলোচনা সভা ছিল। বিষয় ছিল গ্রন্থাগারের প্রয়োজনীয়তা। আলোচনায় অংশ নেন জলপাইগুড়ি আনন্দ চন্দ্র কলেজের গ্রন্থাগারিক শামিম আখতার সহ অন্যরা। এরপর মেলায় উপস্থিত সমস্ত প্রকাশক এবং পুস্তক বিক্রেতাদের অনুষ্ঠান মঞ্চে সংবর্ধনা দেওয়া হয়। কলকাতার প্রকাশকদের তরফে বাবলি বসু বলেন, আমরা পশ্চিমবঙ্গের সর্বত্র বই নিয়ে মেলায় স্টল দিই। কোথাও এমন সম্মান পাইনি। বইমেলা কমিটিকে অভিনন্দন জানাই।

এরপর মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। স্থানীয় শিল্পীরা ভাওয়াইয়া সংগীত পরিবেশন করেন। সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় ময়নাগুড়ি হাইস্কুলের তরফেও।

উত্তরবঙ্গ আবৃত্তি সমন্বয় পরিষদের সমবেত আবৃত্তি আলেখ্য পরিবেশিত হয়। সংস্থার কেন্দ্রীয় কমিটির সম্পাদক উৎপল চৌধুরী বলেন, 'এই সময়ে ভারত এবং বাংলাদেশ প্রতিবেশী দুই দেশ উত্তাল। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে আবার নতুন করে নেতাজি সুভাষচন্দ্র বসু, মহাত্মা গান্ধি এবং যিশুখ্রিস্টের মতো মহামানবদের খুব প্রয়োজন। সেই আঙ্গিকেই এই আলেখ্য।'

এরপরেই মঞ্চে ময়নাগুড়ি হাইস্কুলের তরফে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। রাতে কলকাতার সংগীতশিল্পী তনুশ্রী সাহা সংগীত পরিবেশন করেন। মঞ্চে সংবর্ধনা দেওয়া হয় দক্ষিণ দিনাজপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ময়নাগুড়ির কৃতী সন্তান প্রণবকুমার ঘোষকে।

উপাচার্য বলেন, 'সর্বনাশ করেছে ফোটোকপি মেশিন। ক্ষতি হয়েছে মোবাইল ফোনেও। বই পড়তে হবে। এর কোনও বিকল্প নেই। বইয়ের দুটো লাইনের মধ্যে একশোটা লাইন লুকিয়ে থাকে। সেটাকে খুঁজে বের করতে হবে।'



খুদে বই পড়ুয়া। ময়নাগুড়িতে।

শহর লাগোয়া পাওয়ার হাউস মোড় এলাকার বাসিন্দা ভারতী রায় দুই ছোট্ট মেয়েকে নিয়ে এসেছেন এদিন বইমেলায়। আড়াই বছর বয়সের শিশুকন্যা বায়না ধরেছে বই কিনতে। কিনেও দিলেন বই। ভারতী বলেন, বই দেখাতেই মেয়েদের নিয়ে এসেছি মেলায়।

কলকাতার প্রকাশক অপর্ণা দাস বলেন, লোকজন আসছেন। তবে বিক্রি কিছুটা কম। কলকাতার আরেক প্রকাশক রাজিবুল সর্দার বলেন, 'বুধবার এবং বৃহস্পতিবার দু'দিনে ২২ হাজার টাকার বই বিক্রি হয়েছে। আশা করছি আগামীদিনে এই বিক্রি আরও বাড়বে।'

বইমেলা কমিটির কার্যনির্বাহী সম্পাদক তথা পুরসভার ভাইস চেয়ারম্যান মনোজ রায়ের কথায়, ভালো ভিড় হচ্ছে মেলায়। প্রায় প্রতিটি স্টলেই লোকজনদের ভিড় লক্ষ করা গিয়েছে। আগামী কয়েকদিনে ভিড় আরও বাড়বে।

# পিডিএফের সঙ্গে বইয়েও আগ্রহী নতুন প্রজন্ম



সুকল্যাণ ভট্টাচার্য
প্রধান শিক্ষক, বানারহাট উচ্চবিদ্যালয়, প্রাবন্ধিক, গবেষক

অনেককেই বলতে শুনি, নতুন প্রজন্ম বইয়ের থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। আমার মনে হয়, এই কথাটা সত্যি নয়। ময়নাগুড়ির বইমেলা প্রাঙ্গণে দেখছি, নতুন প্রজন্মের ধারক, বাহকরাই তো এক স্টল থেকে আরেক স্টলে ঘুরে বেড়াচ্ছে। বই নাড়াচাড়া করছে। মেলা থেকে ফেরার আগে বই কিনছেন। আবেগ, উচ্ছ্বাস, জ্বালা, যন্ত্রণাকে শব্দ, বাক্যে, ছন্দে পৃথিবীজুড়ে কারা তুলে ধরছে? কারা সেগুলো পড়ছে? নতুন প্রজন্মের ছেলেমেয়েরাই তো!

পরিবর্তনশীল পৃথিবীতে বইও বদলাচ্ছে। দৃষ্টিভঙ্গির বদল হচ্ছে। তাই আশাহত না হয়ে যদি সেই বদলটা মেনে নিই তখন দেখতে পাব নতুন সম্ভাবনা। প্রযুক্তি গোটা পৃথিবীটাকে আমাদের হাতের মুঠোয় এনে দিয়েছে। তখন বই সেই প্যাপিরাস বা তাল পাতার পুঁথির যুগে পড়ে থাকবে তা হতে পারে না। প্রজন্ম তথা সময়ের হাত ধরেই বই তার রূপ, রস, গন্ধ, গুণ সবকিছু বদলে নিচ্ছে, হয়তো আমাদের অলক্ষ্যেই।

প্রজন্ম একটি কাঠামোগত শব্দ যা আদতে বাবা-মায়ের সঙ্গে সন্তানের সম্পর্ককে বোঝায়। যে কোনও জায়গার মোট জনসংখ্যার তিনভাগের একভাগ হচ্ছে নতুন প্রজন্ম। বয়স্কদের সঙ্গে কমবয়সিদের জীবনযাপনের দৃষ্টিভঙ্গির ফারাক থাকাটাই স্বাভাবিক বিজ্ঞানের ধারা। বিজ্ঞান ও প্রযুক্তির অভাবনীয় উন্নয়ন, তার সঙ্গে সঙ্গেই মানুষ এগিয়ে চলে। এখানে নতুন প্রজন্ম বলে আলাদা কোনও সত্তা থাকাটা কতদূর সংগত, তা ভাবার যথেষ্টই অবকাশ রয়েছে!

সাধারণভাবে আমরা জানি, বই হল লিখিত বা চিত্রাকারে তথ্য সংরক্ষণের একটি মাধ্যম। প্যাপিরাস, পার্চমেন্ট বা কাগজের অনেকগুলো পৃষ্ঠা বাঁধাই করে এই বই তৈরি হয়। বই শব্দটিই এসেছে আরবি শব্দ 'বাহি' থেকে। খ্রিস্টপূর্ব ২৬০০ থেকে ২৫০০-তে বইয়ের সৃষ্টি হয়েছিল কাদামাটি দিয়ে। তারপর প্রাচীন মিশরের নীলনদের তীরে নলখাগড়ার মতো ঘাস জাতীয় গাছের ছাল থেকে পাওয়া 'প্যাপিরাস' এর মধ্য দিয়েই বই এসেছিল। সেই বইই জোহানেস গুটেনবার্গের হাত ধরে আধুনিক হয়েছে। সময়ের সঙ্গে সঙ্গে বইয়ের আরও বদল হচ্ছে। নির্মাণ, বিনির্মাণের এক যুগ সন্ধিক্ষণে নবপ্রজন্ম বইকে নতুন রূপে তুলে নিচ্ছে। তাই সময়ের হাত ধরেই এসেছে পিডিএফ, ই-বুক, ই-গেজেট, ওয়েব পেজ, ওয়েব বুক আরও কত কী! মোবাইলের মধ্যে নতুনভাবে বিশ্ব সাহিত্য, শিল্প, ভাস্কর্য সব কিছু ধরা দিচ্ছে। বইয়ের চিরায়ত সংজ্ঞাটাই বদলে যাচ্ছে। এই বদলের সঙ্গে খাপ খাইয়ে না নিতে পারলে পিছিয়ে পড়তে হবে।

মুদ্রণ জগতেও এসেছে প্রযুক্তিগত পরিবর্তন। এই যুগের কিশোররা আগের মতোই চাঁদমামা, নন্টে ফন্টে, শুকতারা, আনন্দমেলা, সন্দেশ, ঠাকুরমার ঝুলি, ব্রহ্মদৈত্য পড়েই আনন্দ পাবে তা ভাবা কি খুব বিজ্ঞানসম্মত? সাহিত্যিক সৈয়দ মুজতবা আলি লিখে গিয়েছেন, মুসলমানদের পয়লা কেতাব কোরানের সর্বপ্রথম যে বাণী মহম্মদ শুনতে পেয়েছিলেন তাতে আছে 'আল্লাম বিন কলমি' অর্থাৎ কলমের মাধ্যমে আল্লা মানুষকে জ্ঞান দান করছেন। এই কলমের আশ্রয় তো পুস্তকে। মুদ্রিত বই যেমন মেলায় বিক্রি হচ্ছে, নতুন প্রজন্ম কিনছে। বইয়ের বিভিন্ন নতুন রূপ যা আমরা ইলেক্ট্রনিক গ্যাজেটে পাচ্ছি তা এই প্রজন্মের ছেলেমেয়েরা পড়ছে।

## প্রথমে কংক্রিটের ডিভাইডার, তারপর হাইমাস্টের পোলে ধাক্কা

# ভোররাতে দুর্ঘটনায় মৃত ১

সপ্তর্ষি সরকার

**ধূপগুড়ি, ১৯ ডিসেম্বর :** বৃহস্পতিবার ভোরে ধূপগুড়ি শহরের কলেজ রোডের ওপর সিনেমা হল মোড় এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে গাড়ি দুর্ঘটনায় এক তরুণের মৃত্যু হয়েছে। যাত্রীবোঝাই গাড়িটি প্রথমে কংক্রিটের ডিভাইডার, তারপর গতিমুখ বদলে একটি হাইমাস্টের পোলে ধাক্কা মারলে ঘটনাস্থলেই হৃদয় সূত্রধর (২৫) নামে এক তরুণের মৃত্যু হয়। ঘটনার সময় গাড়িতে চালক সহ মোট আটজন ছিলেন। গাড়ির মালিক তথা চালক ধূপগুড়ির নামী কেটারিং ব্যবসায়ী সুব্রত নন্দী। মৃত তরুণ তাঁরই প্রতিবেশী তথা ধূপগুড়ি হাসপাতালপাড়ার বাসিন্দা।



ধূপগুড়ি সিনেমা হল মোড়ে দুর্ঘটনাগ্রস্ত গাড়ি।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, বুধবার রাতে জলপাইগুড়ি শহরে সুব্রতর কেটারিং চলছিল। রাত ১২টা নাগাদ তিনি নিজের গাড়ি নিয়েই জলপাইগুড়িতে যান এবং কাজ শেষে রাঁধুনি শৈলেন পাল সহ সাতজন কর্মীকে নিয়ে বাড়ির উদ্দেশে রওনা হন। এরপর বাড়ির কাছাকাছি পৌঁছাতেই এই ঘটনা ঘটে। দুর্ঘটনার কারণ সম্পর্কে কেউই নিশ্চিতভাবে কিছু না বলতে পারলেও যাত্রীদের কথায়, অনুমান করা হচ্ছে সম্ভবত চালক সুব্রতর ঝিমুনির ফলেই মুহূর্তে নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনা ঘটে।

বিকট শব্দে আশপাশের বাসিন্দা ও ব্যবসায়ীরা ছুটে এসে দুর্ঘটনাগ্রস্ত গাড়ি থেকে জখমদের উদ্ধার করেন। পুলিশ পৌঁছানোর পর সকলকেই ধূপগুড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই চিকিৎসকরা একজনকে মৃত ঘোষণা করেন। পাশাপাশি সুব্রত, সহ বিশ্বজিৎ রায়, কানাই রায়, সুভাষ দাস- এই চারজনকে আশঙ্কাজনক অবস্থায় জলপাইগুড়ি মেডিকেল কলেজে রেফার করা হয়। শেষ খবর পাওয়া পর্যন্ত গাড়ির চালক তথা মালিক সুব্রত শিলিগুড়িতে একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। বাকি তিনজনের মধ্যে রাঁধুনি শৈলেন এবং তাঁর দুই সহায়িকা রংমালা মণ্ডল ও রমা রায়কে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। পুলিশ দুর্ঘটনাগ্রস্ত গাড়িটি থানায় নিয়ে গিয়েছে। দুর্ঘটনার সময় গাড়ির সামনে চালকের পাশে বসে থাকা শৈলেন পাল বলেন, 'একপলকে কী করে কী হয়ে গেল বুঝতেই পারিনি। মারাত্মক ঝাঁকি লাগল এবং গাড়ি গিয়ে পরপর দু'বার ধাক্কা খেল। পরপর ক'দিন রাত জেগে কাজের সুবাদে আমাদের সবাই ক্লান্ত ছিলাম। ঘটনার সময় আমাদের গাড়ির পেছনে একটি বড় যাত্রীবাহী বাস ছিল।'

মৃত তরুণ পেশায় গ্যারাজ কর্মী হলেও বাড়তি আয়ের জন্যে রাতে কেটারিংয়ের কাজ করতেন বলে জানা গিয়েছে। ঘটনার সময় যে গাড়ির একেবারে পেছনে বসেছিল তার বুকের বাঁদিকের পাঁজর এবং তলপেটে আঘাতের চিহ্ন দেখা গিয়েছে। অনুমান করা হচ্ছে আকস্মিক আঘাতে হৃদযন্ত্র এবং কিডনিতে চোট পাওয়াতেই সঙ্গে সঙ্গে তাঁর মৃত্যু হয়েছে। স্থানীয় তরুণের মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে হাসপাতালপাড়া এলাকায়। সুব্রতর মতো শহরে পরিচিত মুখের দুর্ঘটনাগ্রস্ত হওয়ার খবরে চাঞ্চল্য ছড়িয়েছে।

## সমাবর্তনে বেরি ও' ব্রায়েন

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** জলপাইগুড়ি সেন্ট পলস উচ্চ বিদ্যালয়ের ২৫ বছর পূর্তি উপলক্ষ্যে সমাবর্তন হবে। সেজন্য শুক্রবার জলপাইগুড়িতে লেখক বেরি ও' ব্রায়েন আসছেন। তিনি সমাবর্তনের মূল ভাষণ দেবেন।

## বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** জলপাইগুড়ি সদর ব্লকের বাহাদুর গ্রাম পঞ্চায়েতের সন্ন্যাসীহাট উনিশপুর সমবায় সমিতি নির্বাচনে বিরোধীরা প্রার্থী দিতে পারেনি। ফলে বৃহস্পতিবার বিনা প্রতিদ্বন্দ্বিতায় তৃণমূল কংগ্রেসের পরেশ রায়, ধীরেন রায়, সুনীল রায়, ইব্রাহিম মহম্মদ, রুবি বানু এবং সেবিকা রায় জয়ী হয়েছেন।

## শিবিরের আর্জি

**জলপাইগুড়ি ১৯ ডিসেম্বর :** জলপাইগুড়িতে ক্যানসার সচেতনতা শিবির করার জন্য স্বাস্থ্যসেবী সংস্থা এবং সমাজসেবী সংগঠনগুলির কাছে অবসরপ্রাপ্ত সরকারি আধিকারিক সুব্রত ভট্টাচার্য আবেদন করেছেন। সুব্রত বলেন, 'ক্যানসার নিয়ে সচেতনতার অভাবে রোগের প্রভাব বাড়ছে। এজন্য শিবির করা জরুরি।'

# গাছের ডাল ছাঁটতেই পাখির মৃত্যু বন্ধ

সপ্তর্ষি সরকার

**ধূপগুড়ি, ১৯ ডিসেম্বর :** উত্তরবঙ্গ সংবাদে খবর প্রকাশের পরেই বৃহস্পতিবার সকাল সকাল ধূপগুড়ি পুর বাস টার্মিনাসের উলটোদিকে শরৎপল্লি মোড়ে গাছের ডাল ছাঁটাই করলেন বিদ্যুৎ দপ্তরের কর্মীরা। এরফলে গাছের সঙ্গে আপাতত এগারো হাজার ভোল্টের হাইটেনশন বিদ্যুৎবাহী তারের সম্পর্ক নেই।

বুধবার থেকে গাছের আশপাশে দেখা যায়নি পাখির মরদেহ। স্থানীয় মানুষের দাবি অনুসারে, বিদ্যুৎ দপ্তরের কর্মীরা ডাল ছাঁটাই করার ফলেই গাছটি বিদ্যুৎস্পৃষ্ট হওয়া থেকে রক্ষা পাচ্ছে এবং সেই সুবাদেই পাখিদের মৃত্যুমিছিলও বন্ধ হয়েছে। তবে এলাকাবাসী এবং স্থানীয় ব্যবসায়ীদের এই বিদ্যুতের তার নিয়ে ক্ষোভ রয়েছে বলেই জানা গিয়েছে।

স্থানীয় ব্যবসায়ী আব্দুল করিমের কথায়, 'সাত-আট মাস আগে একজন মানুষ মৃত্যুর মুখ থেকে ফিরেছেন এই এলাকায়। নিরীহ পাখিগুলোর মৃত্যু হল। এখানে কাজে এলেই বিদ্যুৎ দপ্তরের কর্মীদের অনুরোধ করি গাছের ডাল ও বিদ্যুতের তারের মাঝে স্থায়ী ব্যবধান গড়ার উদ্যোগ নিতে। তবে দুঃখের বিষয় প্রতিবারই ঠেকা কাজ করে চলে যান বিদ্যুৎ দপ্তরের কর্মীরা।'

একইভাবে বিদ্যুৎ দপ্তরের বিরুদ্ধে সুর চড়িয়ে এলাকার বাসিন্দা অলোক দত্ত বলেন, 'রাতবিরেতে হাওয়া দিলে গাছের পাতা বা কাঁচা ডাল ওই হাইটেনশন তারে লাগে এবং বিকট আওয়াজের সঙ্গে আগুনের ফুলকি দেখা যায়। বিদ্যুৎ দপ্তর আগে থেকে ব্যবস্থা নিলে এতগুলো নিরীহ পাখির প্রাণ যাওয়া আটকানো যেত।

যদিও পাখির মৃত্যু মিছিলে বিদ্যুৎ বণ্টন সংস্থার সম্পর্ক নেই বলেই জোড়াল দাবি কর্তাদের। রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থার কর্তাদের দাবি, ওই এলাকায় সার্ভিস লাইনে কেবল রয়েছে এবং হাইটেনশন তার গাছের ডাল থেকে অন্তত তিন মিটার দূরে রয়েছে।



### ক্ষুব্ধ বাসিন্দারা

- বিদ্যুৎ দপ্তরের কর্মীরা ডালছাঁটাই করেছে
- গাছটি বিদ্যুৎস্পৃষ্ট হওয়া থেকে রক্ষা পাচ্ছে
- বুধবার থেকে গাছের আশপাশে দেখা যায়নি পাখির মরদেহ
- পাখির মৃত্যু মিছিলে বিদ্যুৎ বণ্টন সংস্থার সম্পর্ক নেই বলে দাবি কর্তাদের

## কাল থেকে খাদ্য উৎসব

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** জলপাইগুড়ি পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলারের উদ্যোগে ফের বসতে চলেছে তরুণ দল ক্লাবের খেলার মাঠে খাদ্য উৎসব। সেই উপলক্ষ্যে বৃহস্পতিবার একটি শোভাযাত্রা শহর পরিক্রমা করে। খাদ্য উৎসব প্রসঙ্গে উদ্যোক্তা তথা ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার লোপামুদ্রা অধিকারী বলেন, 'আমাদের সদস্য সংখ্যা বেড়েছে। এবছর প্রায় ৪০টি স্টল থাকছে। প্রায় ২৫০ জন স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা ট্র্যাডিশনাল ও ফিউশন মিলিয়ে বিভিন্ন ধরনের খাবার বানাবেন।' এই উৎসব ২১ থেকে ২৫ ডিসেম্বর পর্যন্ত চলবে।

## বার্ষিক অনুষ্ঠান

**মালবাজার, ১৯ ডিসেম্বর :** মালবাজারের কলোনি ময়দানে নিবেদিতা বিদ্যা নিকেতনের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হল বৃহস্পতিবার। এদিন বিকেলে এই অনুষ্ঠানটি হয়। অনুষ্ঠানের মঞ্চ উদ্বোধন করেন মালবাজার পরিমল মিত্র স্মৃতি মহাবিদ্যালয়ের অধ্যাপিকা ডঃ তপতী সাহা। ওই স্কুলের প্রধান শিক্ষিকা নীতা সাহা বলেন, 'বিদ্যালয়ে পড়ুয়াদের পড়াশোনা ছাড়াও সাংস্কৃতিক চর্চায় উৎসাহিত করতে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।'

# ক্রিসমাস ফেস্টিভালের উদ্বোধন জলপাইগুড়িতে



ক্রাইস্ট দ্য রিডিমার ক্যাথিড্রালে ভিডিও কনফারেন্সে ফেস্টিভালের উদ্বোধন।

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** এতদিন শুধু কলকাতায় ক্রিসমাস ফেস্টিভাল হলেও এবার প্রথমবার রাজ্যজুড়ে উদযাপিত হচ্ছে বড়দিনের উৎসব। জলপাইগুড়ি শহরের ক্রাইস্ট দ্য রিডিমার ক্যাথিড্রালে বৃহস্পতিবার পর্যটন বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত হয় উদ্বোধনী অনুষ্ঠান। ভিডিও কনফারেন্সের মাধ্যমে ফেস্টিভালের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কলকাতার মঞ্চ থেকে জলপাইগুড়ি চার্চের নাম ঘোষণা হতেই চার্চের ভেতরের ও বাইরে লাগানো সমস্ত আলো জ্বালিয়ে দেওয়া হয়। মুখ্যমন্ত্রীর বক্তব্য শেষে উদ্বোধনী অনুষ্ঠানে সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন রাজ্যের মন্ত্রী বুলু চিকবড়াইক এবং চার্চের বিশপ ক্লামেন্ট তিরকি। সাতদিনব্যাপী চলা এই উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শাসক শামা পারভিন, পুলিশ সুপার খান্ডবাহালে উমেশ গণপত, মহকুমা শাসক তমোজিৎ চক্রবর্তী সহ অন্যরা।

উপস্থিত ছিলেন প্রায় পাঁচ শতাধিক খ্রিস্টান সম্প্রদায়ের মানুষের পাশাপাশি অন্যান্য ধর্মের মানুষ।

অনুষ্ঠান শেষে জেলা শাসক শামা পারভিন বলেন, 'এই প্রথম আমরা মুখ্যমন্ত্রীর নির্দেশে ক্রিসমাস ফেস্টিভাল আয়োজন করছি। আজ এখানে শহরের সব চার্চের প্রতিনিধিদের পাশাপাশি বহু সাধারণ মানুষ উপস্থিত আছেন। আশা করব সকলের সহযোগিতায় এই উৎসব সফল হবে।'

## বস্তায় দেহ

**মালবাজার, ১৯ ডিসেম্বর :** বৃহস্পতিবার সকালে মাল শহরের বাসস্ট্যান্ড এলাকায় বস্তাবাঁধা অবস্থায় একটি গোরুর মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। পথচারীরা একটি বস্তা থেকে একটি গোরুর পা বেরিয়ে থাকতে দেখে পুলিশকে খবর দেন। পুলিশ এসে বস্তাটি বাজেয়াপ্ত করে।

# নির্দিষ্ট আসনের চারগুণ ফর্ম বিলি

অনসূয়া চৌধুরী

**জলপাইগুড়ি, ১৯ ডিসেম্বর :** শহরের সরকারি স্কুলে যখন সন্তানদের ভর্তি করানো থেকে অধিকাংশ পড়ুয়ারা মুখ ফেরাচ্ছেন তখন সুনীতিবালা সদর বালিকা প্রাথমিক বিদ্যালয়ে অন্য ছবি। বুধবার পর্যন্ত জলপাইগুড়ি সদরের ওই স্কুলে ৪৬৫ জন অভিভাবক ফর্ম তুলেছেন।

অবশ্য জেলা প্রাথমিক শিক্ষা সংসদের নির্দেশিকা অনুসারে ওই স্কুলে আসন সংখ্যা ১০০। বৃহস্পতিবার থেকে ফর্ম জমা নেওয়া শুরু হয়েছে। আগামী শুক্রবার ফর্ম জমা করার শেষদিন।

প্রধান শিক্ষক অরূপ দে বলেন, 'যারা সন্তানদের এই স্কুলে ভর্তি করানোয় আগ্রহ দেখিয়েছেন তাঁদের সকলকেই ফর্ম দেওয়া হয়েছে। নির্দেশিকা অনুসারে ১০০ জন পড়ুয়াকেই এবার ভর্তি নেওয়া হবে। ২২ ডিসেম্বর লটারির মাধ্যমে ১০০ জন পড়ুয়াকে বেছে নেওয়া হবে।'

বাকি সরকারি স্কুলগুলিতে যেখানে ছেলেমেয়েদের ভর্তি করাতে চান না অভিভাবকরা, সেখানে এই স্কুল কেনও এত পছন্দের?

অভিভাবক মহলের দাবি এখানে যে শিক্ষকরা রয়েছেন তাঁরা সকলেই খুব যত্ন নিয়ে পড়ুয়াদের পড়ান। স্কুলে পড়ুয়াদের শারীরিক, মানসিক বিকাশের ওপর জোর দেন শিক্ষকরা। ক্লাস ওয়ান থেকে ফোর পর্যন্ত পঠনপাঠন হয় ওই স্কুলে। এখন সেখানে তেরোশোর অধিক পড়ুয়া পড়াশোনা করে।




একটি সরকারি প্রাইমারি স্কুলে এত বিপুল পরিমাণ পড়ুয়া, সতিই তাক লাগায়। তবে ওই পড়ুয়াদের জন্য পর্যাপ্ত ক্লাসরুম নেই।

স্কুলে মোট ৩৫ জন শিক্ষক থাকলেও অধিকাংশরাই আলাদা আলাদাভাবে একই সময়ে ক্লাস নিতে পারেন না। তাই স্কুল ভবনের পরিকাঠামো উন্নয়নের চিন্তাও চলছে।

কয়েকদিন আগেই কলকাতা হাইকোর্টের বিচারপতি বিশ্বজিৎ বসু স্কুলটি পরিদর্শন করে গিয়েছেন। তিনি স্কুলের ওই সমস্যা দেখার পরে জেলার শিক্ষা কর্তাদের নিয়ে একটি বৈঠক করেন। সেখানে স্কুলের দ্বিতীয় ক্যাম্পাস চালুর একটি পরিকল্পনা গৃহীত হয়। স্কুলের দ্বিতীর ক্যাম্পাস চালু হলে যে ওই স্কুলে নিজেদের সন্তানদের ভর্তি করানোর আগ্রহ আরও বাড়বে বলেই ধারণা শহরবাসীর।

> যাঁরা সন্তানদের এই স্কুলে ভর্তি করানোয় আগ্রহ দেখিয়েছেন তাঁদের সকলকেই ফর্ম দেওয়া হয়েছে। নির্দেশিকা অনুসারে ১০০ জন পড়ুয়াকেই এবার ভর্তি নেওয়া হবে। ২২ ডিসেম্বর লটারির মাধ্যমে ১০০ জন পড়ুয়াকে বেছে নেওয়া হবে।
>
> **অরূপ দে,** প্রধান শিক্ষক

# শেষের প্রস্তুতি





**শর্মিষ্ঠা পাল**
*এডুকেশনাল কাউন্সিলার*

কারও জীবনের প্রথম, কারও বা দ্বিতীয় বোর্ড পরীক্ষা দুয়ারে দাঁড়িয়ে। আমরা পরীক্ষার প্রস্তুতিকে তিনভাগে ভাগ করে নিতে পারি- প্রিপারেশন, রিভিশন ও রি-রিভিশন। এখন সবমিলিয়ে আমাদের হাতে দু'মাসের মতো সময় রয়েছে। সুতরাং, এটা মূলত রিভিশনের সময়। ক্যাম্পাসের পাতায় আজ কিছু কথা ভাগ করে নিচ্ছি তোমাদের সঙ্গে। এই পরামর্শগুলো মেনে চললে দুশ্চিন্তা কেটে যাবে। খুব ভালোভাবে পরীক্ষা দিয়ে আগামীর পথে এগিয়ে যেতে পারবে তোমরা।

**১.** সবার আগে প্রয়োজন মানসিক প্রস্তুতি। যারা দ্বাদশ শ্রেণির পরীক্ষা দেবে, তারা জানো বোর্ডের পরীক্ষার ধরন কেমন হয়। তবে যারা প্রথম দিচ্ছ, তাদের কাছে সবটাই নতুন। তাই বিদ্যালয়ের সাধারণ পরীক্ষা আর বোর্ডের পরীক্ষার মধ্যে তফাত বুঝে নাও। শিক্ষকদের সঙ্গে কথা বলো। প্রশ্নপত্রের ধরন কেমন হয়, সেটা বুঝতে বিগত বছরের প্রশ্নে চোখ বোলাও। অযথা ভয় পেয়ো না।

**২.** এখন নতুন করে কোনও চ্যাপ্টার বা নতুন গৃহশিক্ষকের কথা ভেবো না। যেগুলো পড়া হয়েছে, সেগুলোই ভালোভাবে রিভিশন দাও। বারবার পড়ো। এতে সেই চ্যাপ্টার থেকে যাই প্রশ্ন আসুক, তুমি সহজে উত্তর লিখে আসতে পারবে।

**৩.** যেহেতু এখন চয়েস বেসড পড়াশোনা, তাই 'আমি তো আর্টস নিয়ে পড়ব, অঙ্কে বেশি জোর দেওয়ার দরকার নেই'-এই ধরনের মানসিকতা রেখো না। মোট নম্বরের ওপর খারাপ প্রভাব পড়বে। তাছাড়া মাধ্যমিক স্তরে অঙ্কে অনীহা চলে এলে ভবিষ্যতে চাকরি বা যে কোনওধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষায় সমস্যায় পড়তে হতে পারে।

**৪.** সারাদিনের রুটিন করে নাও। গোটা বছর যে রুটিন মেনে চললে, এখন সেটা বদলাতে হবে। মহড়া পরীক্ষা আর অনুশীলনকে বেশি করে জায়গা দিতে হবে। টিউশন ছাড়াও সেল্ফ স্টাডির সময় থাকবে। মনে রেখো, সেল্ফ স্টাডি ছাড়া ভালো ফল করা সম্ভব নয়। রুটিন থেকে বাদ পড়বে না টিভি দেখা কিংবা আড্ডা দেওয়া। কারণ, মাথা আর মনকে বিশ্রাম দেওয়া আবশ্যক।

**৫.** শুধু পড়া নয়, লেখার জন্যও সময় থাকবে। যা পড়ছ, তা লিখে অনুশীলন করো। এতে ভালোভাবে এবং বেশি সময় বিষয়টিকে মনে রাখা সম্ভব। লেখার গতিও ঠিক থাকবে। পরীক্ষার হলে সময়ের মধ্যে স্পষ্ট হাতের লেখায় সব উত্তর দিয়ে আসাটাই মূল উদ্দেশ্য।

**৬.** এতক্ষণ শুধু লেখাপড়া নিয়ে কথা হল। 'তাহলে কি সারাদিন পড়ব?' না, তা নয় একেবারে। মাঝেমধ্যে ওঠো, বাইরে বের হও, খেলাধুলো করো- তবে সবই হবে সীমিত সময়ের মধ্যে।

**৭.** বাইরের খাবার, তেলেভাজা, প্যাকেটজাত খাবার খেয়ে শরীর খারাপ করা যাবে না। শীতের পোশাক পরতে হবে। অসুস্থ হয়ে পড়লে অনেকটা সময় নষ্ট হয়। শীতকালীন পিকনিক আর বিয়েবাড়ির ভূরিভোজ এবছর একটু বুঝে করতে হবে।

**৮.** মা-বাবাদের উদ্দেশে বলছি, সারাদিন 'ওরে তোর পরীক্ষা, পড়তে বোস' বলে চিৎকার-চ্যাঁচামেচি করবেন না। ওদের পরামর্শ দিন, পাশে থাকুন, সাহায্য করুন। সন্তানের মানসিক স্বাস্থ্যের দিকটিরও খেয়াল রাখতে হবে আপনাকে। 'পাশ করতে পারবি তো আদৌ?', 'তোর দ্বারা কিছু হবে না' ইত্যাদি গোছের নেতিবাচক কথা বলবেন না। বাড়িতে ইতিবাচক পরিবেশের মধ্যে শেষমুহূর্তের প্রস্তুতি নিতে দিতে হবে পরীক্ষার্থীকে।

**৯.** যথেষ্ট ঘুম খুব প্রয়োজন। ৬-৭ ঘণ্টা ঘুমোলে সুস্থ থাকে মস্তিষ্ক। যে সময় পড়তে সুবিধা তোমার, সেভাবে রুটিন করো। রাতে তাড়াতাড়ি ঘুমিয়ে পড়লে ভোরে ওঠো। নয়তো রাতে দেরি করে পড়াশোনা করার পর সকালে ঘুমোও।

**১০.** এবার আসি ফ্রেন্ড সার্কেল আর সোশ্যাল মিডিয়া প্রসঙ্গে। এই দু'মাস বড়সড়ো প্ল্যানিং থেকে নিজেকে দূরে রাখাটাই শ্রেয়। বন্ধুদের সঙ্গে দিনে একবার বেরিয়ে কিছুটা সময় কাটিয়ে এসো। যারা ইউটিউব দেখে নোটস তৈরি করো, হঠাৎ করে নতুন চ্যানেল ফলো কোরো না। যে পদ্ধতিতে পড়েছ এতদিন, সেটাই ধরে চলো। ফেসবুক, ইনস্টাগ্রামের রিল থেকে আপাতত দূরত্ব বজায় রাখা ভালো।

**১১.** শেষ এক মাস হল রি-রিভিশন পর্ব। তখন শুধু একটা করে প্রশ্নের উত্তর লেখা নয়, ঘড়ি ধরে দিতে হবে মক টেস্ট। জোর দেবে গুরুত্বপূর্ণ চ্যাপ্টারে। সবসময় মন শান্ত রাখতে হবে। যে কোনও পরিস্থিতিতে ইতিবাচক (পজিটিভ অ্যাটিটিউড) হও। সুনিশ্চিত ভবিষ্যতের কথা মাথায় রেখে নিজেকে প্রস্তুত করো। সবার পরীক্ষা ভালো হোক। অল দ্য বেস্ট!

## টপার্স টক



**চন্দ্রচূড় সেন**
*২০২৪ মাধ্যমিকে রাজ্যে প্রথম*

কথায় রয়েছে, 'শেষ ভালো যার সব ভালো তার।' তাই মাধ্যমিকের জন্য সারাবছর যত ভালোই প্রস্তুতি নেওয়া হোক না কেন, পরীক্ষার আগে শেষমুহূর্তের প্রস্তুতি অবশ্যই ভালো হওয়া প্রয়োজন।

মাধ্যমিকের খুব বেশি দেরি নেই। আমি এই সময়ে বিশেষ কিছু 'ট্রিকস' অবলম্বন করে পড়াশোনা করতাম। এবার যারা মাধ্যমিক দেবে, তারা সেগুলো মেনে প্রস্তুতি নিতে পারো।

এখন ঘড়ি ধরে টেস্ট পেপার সলভ করা উচিত। বিভিন্ন শিক্ষক সংগঠন যেমন- এবিটিএ, ডব্লিউবিটিএ সহ নানা প্রকাশনীর টেস্ট পেপার পাওয়া যায়। সেগুলো থেকে নিয়মিত অনুশীলন করলে, সময়ের মধ্যে সব উত্তর দেওয়ার অভ্যাস তৈরি হবে। টাইম ম্যানেজমেন্ট স্কিলের জন্য যত বেশি মক টেস্ট দেওয়া যাবে, ততই মঙ্গল।

পরীক্ষার আগে 'সিলেক্টিভ ওয়ে'-তে পড়তে হবে। অর্থাৎ কী কী পড়া উচিত, তা আগে থেকে ঠিক করে নিতে হবে। নতুন কোনও টপিক শুরু না করে সারাবছর যা পড়েছ, সেগুলোই রিভিশন দাও। এখন 'এমসিকিউ'-এর ক্ষেত্রে সহায়িকা বই খুব কাজে লাগে। সেই বইগুলি বেশি করে পড়লে পরীক্ষায় 'এমসিকিউ' সলভ করা সহজ।

সবাই যে খুব দক্ষ, তা তো নয়। অনেকেই রয়েছে, সারাবছর খুব একটা পড়াশোনা না করে পরীক্ষার আগের মুহূর্তে বেশি জোর দেয়। তাদের জন্য বলব, গুরুত্বপূর্ণ টপিকগুলো এই সময় পড়া উচিত। কোনটা বেশি গুরুত্বপূর্ণ, সে বিষয়ে শিক্ষক-শিক্ষিকারা সহযোগিতা করবেন। শেষ ৪-৫ বছরের মাধ্যমিক পরীক্ষায় কোন ধরনের প্রশ্ন এসেছে, সেগুলি একবার দেখে পড়তে হবে।

অনেকের ধারণা থাকে গতবছর পরীক্ষায় যে প্রশ্ন এসেছে, সেটা এবার আসবে না। হয়তো একই প্রশ্ন রিপিট হয় না। তবে একই টপিকে অন্য প্রশ্ন আসতেই পারে। পরীক্ষার আগে অনেকে বেশি চাপে পড়ে ঘুম, খাওয়াদাওয়া বাদ দিয়ে সারাদিন বই নিয়ে বসে থাকে। সেক্ষেত্রে অসুস্থ হওয়ার সম্ভাবনা থাকে। তাই লেখাপড়ার পাশাপাশি শরীরের প্রতি নজর দেওয়া উচিত। *অনুলিখন : শিবশংকর সূত্রধর*

# মনোযোগ বৃদ্ধিতে সহায়ক যোগাভ্যাস

**প্রণব সূত্রধর**

শরীর ও মন-দুইই সুস্থ রাখতে যোগাভ্যাস ভীষণভাবে কার্যকরী। স্মার্টফোনে আসক্তি মনোযোগে ব্যাঘাত ঘটায়। যার প্রভাব পড়ে পঠনপাঠনের ওপর। এছাড়া বর্তমানে মাঠে খেলাধুলোর অভ্যাস কমছে। পড়ুয়াদের শরীর আর মনের স্বাস্থ্যের ওপর যার প্রত্যক্ষ-পরোক্ষ প্রভাব পড়ে। এসব শিশুমনের সার্বিক বিকাশের পথে অন্তরায় হয়ে দাঁড়ায়।



তাই যোগাভ্যাসের মাধ্যমে পড়ুয়াদের মনঃসংযোগ বৃদ্ধির উদ্যোগ নিল আলিপুরদুয়ার জেলার তপসিখাতা-২ নম্বর বিএফপি স্কুল। পাশাপাশি মোবাইলের অতিরিক্ত ব্যবহার, ফাস্ট ফুড ও প্যাকেটজাত খাবার খাওয়া কতটা ক্ষতিকর, সেই সম্পর্কে সচেতন করেন শিক্ষকরা। চতুর্থ শ্রেণির পড়ুয়া অনুষ্কা দাসের উপলব্ধি, 'আমরা প্রায়ই জাংক ফুড খাই। সেই কারণে বদহজম, পেট খারাপের মতো নানা সমস্যায় ভুগি। ওই ধরনের খাবার শরীরের যে ক্ষতিটা করছে, তা বিস্তারিতভাবে শুনলাম। এখন থেকে দূরে থাকব। বন্ধুদেরও বোঝাব, যেন বাড়ির খাবার খায়। এছাড়া নিয়মিত যোগাভ্যাস, শরীরচর্চা, খেলাধুলো করলে মন আর শরীর সতেজ থাকে।'

পদ্মাসন, প্রাণায়াম, গোমুখ আসন, হলাসন, ময়ূরাসন, ধনুরাসন শেখানো হচ্ছে ছাত্রছাত্রীদের। কোনটার কেমন পদ্ধতি, শ্বাসপ্রশ্বাসের নিয়ম কী ইত্যাদি বিস্তারিতভাবে বোঝানো হয়েছে। এসবের নিয়মিত চর্চায় কী উপকার হয়, সে ব্যাপারেও আলোচনা করেন যোগবিদরা।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রসেনজিৎ রায় জানালেন, সুমন পাল ও সুমন্ত সোরেন নামে দুজন শিক্ষক, যাঁরা নিজেরাও নিয়মিত যোগচর্চা করেন, তাঁরা রুটিন অনুযায়ী পড়ুয়াদের যোগাভ্যাস করাবেন। মোবাইলে আসক্তি, চঞ্চলতা সহ যাবতীয় কুঅভ্যাস দূর করে লেখাপড়া এবং সার্বিক জীবনযাপনে মনযোগ বাড়ানোই উদ্দেশ্য।

প্রথমদিন দুজন যোগবিদকে আমন্ত্রণ জানানো হয়েছিল। ধ্যানের মাধ্যমে চাপ কমিয়ে একাগ্রতা ও লেখাপড়ায় মনঃসংযোগ কীভাবে বাড়ে, সেই কথা সহজ ভাষায় পড়ুয়াদের সামনে আলোচনা করেন আলিপুরদুয়ার বয়েজ হাইস্কুলের শিক্ষিকা মৌটুসি পাল। ধ্যান ও যোগাসনের উপকারিতা ব্যাখ্যা করেন আরেক শিক্ষিকা শুভ্রা ঘোষ। শিবিরে অংশ নিয়ে খুদেদের মধ্যে বিপুল উৎসাহ দেখা গিয়েছে।

চতুর্থ শ্রেণির ছাত্র দেবা দাসের কথায়, 'করোনার সময় থেকে মোবাইলের নেশা মারাত্মক আকার নেয়। এদিন বুঝলাম কতটা ক্ষতি করছি নিজের। যোগার মাধ্যমে মোবাইলে আসক্তি দূর করে মনকে শান্ত রাখা যায়, তা শিক্ষকরা শেখালেন। সারাবছর এগুলো অভ্যাস করতে হবে।' একই কথা পড়ুয়া লিপিকা দাসের।

বিদ্যালয়ের শিক্ষক শৈলেন দাস বললেন, 'আমিও পিছনে বসে যোগের পদ্ধতি শিখলাম। ছোট ছোট ছেলেমেয়েদের দারুণ উপকার হবে এই অভ্যাসে।'

## ফ্রেম ইন



সব খেলার সেরা বাঙালির তুমি... *রাজাভাতখাওয়া হাইস্কুল প্রাঙ্গণে। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী*



*'ভারতে বিজ্ঞানচর্চার ইতিহাস' ও 'বোস সংখ্যায়নের শতবর্ষ' বিষয়ক আলোচনা সভার আয়োজন করল পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের আলিপুরদুয়ার শাখা। নিউটাউন গার্লস স্কুলে আলোচনাপর্বে জেলার বিভিন্ন বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণির পড়ুয়ারা অংশ নিয়েছিল। বিজ্ঞানচর্চায় উৎসাহ দিতেই এমন উদ্যোগ। তথ্য ও ছবি : প্রণব সূত্রধর*




# পায়ে পায়ে ৭৫

**সমীর দাস**

দেশ স্বাধীন হওয়ার কয়েক মাস পর আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের প্রত্যন্ত গ্রাম পূর্ব সাতালিতে শিক্ষানুরাগীদের উদ্যোগে স্থাপিত হয় সাতালি ইংলিশ মিডিয়াম স্কুল। ১৯৪৮ সালের ২ জানুয়ারি পথ চলা শুরু। তবে স্কুল স্থাপনের বহু বছর বাদে, ১৯৯৭ সালে নাম পরিবর্তন করে রাখা হয় পুনম চাঁদ মিত্তাল মেমোরিয়াল হাইস্কুল।

২০২৩ সালে প্রতিষ্ঠানের প্ল্যাটিনাম জুবিলি বর্ষ ছিল। তবে অভিভাবকদের সঙ্গে আলোচনার পর এবছর সাড়ম্বরে উদযাপনের উদ্যোগ নেয় স্কুল কর্তৃপক্ষ। ১৩ ডিসেম্বর সমাপ্তি পর্বের অনুষ্ঠানের সূচনা হয়। চলে ১৫ ডিসেম্বর পর্যন্ত। পড়ুয়ারা তিনদিনের অনুষ্ঠানের মেতে উঠেছিল। উদযাপনের সূচনা হয়েছিল চলতি বছরের জানুয়ারিতে। শোভাযাত্রার মাধ্যমে।

স্মৃতিচারণ করতে গিয়ে স্কুলের প্রধান শিক্ষক সমীরকুমার দেব জানালেন, স্থানীয় বাসিন্দা মহেন্দ্রনাথ রায় সেসময় জমি দান করেছিলেন স্কুল তৈরির জন্য। স্থানীয় বাসিন্দা বীরেন্দ্রনাথ মেচ মণ্ডল সহ গ্রামের বেশ কিছু শিক্ষানুরাগী মানুষ স্কুল স্থাপনের জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দেন। ১৯৫১ সালে স্কুলটিতে বাংলামাধ্যমে পঠনপাঠন শুরু হয়।

সমাপ্তি পর্বের অনুষ্ঠানের প্রথম দিন এই স্কুলের পাশাপাশি হাসিমারা হাইস্কুল, ইউনিয়ন অ্যাকাডেমি হাইস্কুলের পড়ুয়ারা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। সন্ধ্যায় বিখ্যাত শিল্পী জলধর মাহাতো তাঁর দল নিয়ে ছৌ নৃত্য পরিবেশন করেন। এছাড়া অনুষ্ঠানের শুরুতে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন হয়।

স্কুলের দ্বাদশ শ্রেণির ছাত্রী ঈশা চম্প্রমারি নৃত্য পরিবেশন করে। দ্বাদশ শ্রেণির সমীর চম্প্রমারির গানও মন জয় করে নেয় শ্রোতাদের। শেষ দু'মাস ধরে তারা অনুশীলন করেছে। অবশেষে অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পেরে খুশি সবাই।

দ্বিতীয় দিন ছিল স্কুলের প্রাক্তন ছাত্রছাত্রীদের পুনর্মিলন উৎসব। সেদিন হয়েছে বৃক্ষরোপণ।



প্রাক্তন পড়ুয়া বিজয় শৈব প্রথম দিন থেকেই স্কুলের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি ১৯৬৭ সালের পাশআউট ব্যাচের। বললেন, 'আগে স্কুলটি কাঠের ছিল। দুটি একতলা কাঠের ঘরে ক্লাস হত। আমার বেশিরভাগ সহপাঠী সাতালি ও মেন্দাবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় থাকেন। তাঁদের সঙ্গে মাঝেমধ্যে দেখা হয়। তবে স্কুলের অনুষ্ঠানে এসে একসঙ্গে সবাইকে কাছে পেয়ে খুব ভালো লেগেছে। পুরোনো দিনের হাজারও কথা উঠে এল।'

রোজ নানা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান হয়েছে। প্রাক্তন পড়ুয়া বিনয় নার্জিনারি ১৯৯৫ সালের পাশআউট। তাঁর ব্যাখ্যায়, 'নবীন প্রজন্মের সাংস্কৃতিক অনুষ্ঠান দেখে ভালো লাগল। স্কুলটিতে প্রথম থেকেই ছাত্রাবাস রয়েছে। সেখানে আমার সহপাঠীরাও থাকত। তাঁদের সঙ্গে হইহই করে অনুষ্ঠানের ক'দিন বেশ মজায় কাটল।' একই কথা আরেক প্রাক্তনী বিজয় শৈবর।

স্কুলের প্রাক্তনী চন্দ্রা নার্জিনারিও অনুষ্ঠানে এসেছিলেন। জানালেন, বহু বছর আগে ক্যাম্পাস ছাড়লেও স্কুল জীবনের স্মৃতি তাজা। শুধু প্ল্যাটিনাম জুবিলির অনুষ্ঠান নয়, সুযোগ পেলে বারবার ছুটে আসেন এখানে। পুনর্মিলন উৎসবে সহপাঠীদের সঙ্গে সময় কাটিয়ে সেই আগের আমেজ ফিরে পেলেন।

